

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৬২

মোহনপুর, ৩ অক্টোবর, ২০২৪

মোহনপুরে গান্ধী জয়ন্তী

মোহনপুর পুর পরিষদের কালচার্যাল হলে গতকাল গান্ধী জয়ন্তী এবং স্বচ্ছ ভারত দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। কৃষিমন্ত্রী বলেন, দেশের স্বাধীনতা অর্জনের পাশাপাশি গান্ধীজী চেয়েছিলেন স্বচ্ছ ভারত, দুর্নীতি মুক্ত ভারত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও সেই দিশাতেই কাজ করছেন। রাজ্যকে স্বচ্ছ ও পরিচ্ছন্ন রাখতে কৃষিমন্ত্রী সবার সহযোগিতা কামনা করেন।

মোহনপুর পুর পরিষদ এবং মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠান শেষে মোহনপুর মহকুমা প্রশাসন এবং মোহনপুর পুর পরিষদের উদ্যোগে স্বচ্ছতা হি সেবা কর্মসূচি উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতা এবং ওয়েস্ট আর্ট প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন।
